

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

নং-৩৪.০১.০০০০.০০৫.১১.০০৮.১৮-৭৮৭

তারিখঃ ৩০/০৮/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ যুব উন্নয়ন অধিদপ্তরের রাজস্বখাতভুক্ত প্রদর্শক, জুনিয়র প্রশিক্ষক (পোষাক), জুনিয়র ডেমোনেস্ট্রেটর (ব্লক ও বাটিক) ও গাড়ীচালক পদে নিয়োগের ফলাফল প্রকাশ প্রসংগে।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের গত ০৪-০২-২০১৮ তারিখের ৩৪.০৫১.০১১.০১.০০.৩৬.২০১১-৪০ সংখ্যক স্মারকের মাধ্যমে যুব উন্নয়ন অধিদপ্তরের রাজস্বখাতভুক্ত প্রদর্শক, জুনিয়র প্রশিক্ষক (পোষাক), জুনিয়র ডেমোনেস্ট্রেটর (ব্লক ও বাটিক) ও গাড়ীচালক পদের প্রাপ্ত ছাড়পত্রের প্রেক্ষিতে যুব উন্নয়ন অধিদপ্তরের গত ০৬-০৩-২০১৮ খ্রিঃ তারিখের ৩৪.০১.০০০০.০০৫.১১.০৫২.১৬-১৪১ সংখ্যক স্মারকের মাধ্যমে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে ০৪-০৫-২০১৮ খ্রিঃ তারিখে লিখিত এবং ২৫-০৭-২০১৮ হতে ৩০-০৭-২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত ব্যবহারিক (প্রয়োজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হয়। বিভাগীয় নির্বাচন কমিটির গত ১৬-০৮-২০১৮ খ্রিঃ তারিখের সভার চূড়ান্ত সুপারিশ অনুযায়ী যুব উন্নয়ন অধিদপ্তরের রাজস্বখাতভুক্ত প্রদর্শক পদে ০৩(তিন)টি, জুনিয়র প্রশিক্ষক (পোষাক) পদে ০৬(ছয়)টি, জুনিয়র ডেমোনেস্ট্রেটর (ব্লক ও বাটিক)-পদে ০১(এক)টি ও গাড়ীচালক ১৪(চৌদ্দ)টি মোট ২৪(চব্বিশ)টি শূন্য পদে পদভিত্তিক নিম্নে উল্লেখিত রোল নম্বরধারীকে শর্তসাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ীভাবে প্রদর্শক পদে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর গ্রেড-১৩ এর টাকা ১১০০০-২৬৫৯০/-, জুনিয়র প্রশিক্ষক (পোষাক) পদে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর গ্রেড-১৪ এর টাকা ১০২০০-২৪৬৮০/-, জুনিয়র ডেমোনেস্ট্রেটর (ব্লক ও বাটিক) পদে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর গ্রেড-১৪ এর টাকা ১০২০০-২৪৬৮০/- ও গাড়ীচালক পদে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর গ্রেড-১৫ এর টাকা ৯৭০০-২৩৪৯০/- বেতনক্রম অনুযায়ী নিয়োগ প্রদানের জন্য যথাযথ কর্তৃপক্ষের সদয় অনুমোদন রয়েছে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের পদভিত্তিক রোলনম্বর নিম্নে প্রদত্ত হলোঃ

নং	পদের নাম	পদ সংখ্যা	চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের রোল নম্বর (রোলের ক্রমানুসারে)
ক)	প্রদর্শক (গ্রেড-১৩)	০৩	১০১৫৬৪, ১০২২৯৪ ও ১০২৭৪০ = ০৩(তিন) জন
খ)	জুনিয়র প্রশিক্ষক (পোষাক) (গ্রেড-১৪)	০৬	১০৩৬৭৮, ১০৩৭৮১, ১০৪২৯৩, ১০৪৪৩৬, ১০৪৫৯৮, ১০৪৬৩৮ = ০৬(ছয়) জন
গ)	জুনিয়র ডেমোনেস্ট্রেটর (ব্লক ও বাটিক) (গ্রেড-১৪)	০১	১০৫০২৮ = ০১(এক) জন
ঘ)	গাড়ীচালক (গ্রেড-১৫)	১৪	১০৬০৯৩, ১০৬১৪৫, ১০৬৪২২, ১০৬৬০৪, ১০৬৬৭৩, ১০৬৭৩৪, ১০৬৭৬৫, ১০৬৭৭৭, ১০৬৮২১, ১০৬৮৩১, ১০৭১৫৪, ১০৭৩৫৭, ১০৭৩৭৭, ১০৭৩৯০ = ১৪ (চৌদ্দ) জন

শর্তাবলীঃ

- ১। জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী বেতন এবং সময়ে সময়ে জারীকৃত সরকারি আদেশ/নিয়মাবলী অনুযায়ী অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন।
- ২। বিভিন্ন সময়ে জারীকৃত সরকারি আদেশ অনুযায়ী চাকরি নিয়ন্ত্রিত হবে। নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণকে যে কোন সময়ে বাংলাদেশের যে কোন স্থানে বদলী করা যাবে এবং এতে কোন আপত্তি করা চলবে না।
- ৩। নিয়োগপ্রাপ্ত কর্মচারীদের চরিত্র ও অতীত কার্যকলাপের উপর পুলিশী তদন্ত রিপোর্ট না পাওয়া পর্যন্ত নিয়োগপত্র সাময়িক বলে গণ্য হবে এবং উক্ত রিপোর্ট সন্তোষজনক না হলে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।
- ৪। চাকরিতে নিয়োজিত থাকাকালে কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে অন্যত্র চাকুরির জন্য আবেদন করতে পারবেন না অথবা কোন শিক্ষা প্রতিষ্ঠানে পড়াশুনা চালিয়ে যেতে পারবেন না।
- ৫। চাকুরি অস্থায়ী বিধায় ১৪ দিনের নোটিশে অথবা নোটিশ প্রদান না করলে উক্ত সময়ের বেতন সমান অর্থ প্রদান করে কোন কারণ দর্শানো ব্যতিরেকে চাকুরি হতে অব্যাহতি প্রদান করা যাবে। চাকুরিতে যোগদানের সময়ে নির্ধারিত ফরমে এ মর্মে অঙ্গীকারপত্রও স্বাক্ষর করতে হবে।

অপর পাতা/২  


- ৬। চাকুরিতে যোগদানের পর স্থায়ী ঠিকানা সম্পর্কিত তথ্য, শিক্ষাগত যোগ্যতা এবং বিশেষ কোটা সংক্রান্ত দাখিলকৃত সনদ যাচাইয়াত্তে যদি তা অসত্য/ভুয়া প্রমাণিত হয় তাহলে সংশ্লিষ্ট কর্মচারীর নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৭। যদি পূর্ব থেকেই অন্য কোন সরকারি/স্বায়ত্বশাসিত সংস্থায় নিয়োজিত থাকেন, তাহলে সে অফিস হতে প্রদত্ত বিমুক্তিপত্র দেখাতে না পারলে যুব উন্নয়ন অধিদপ্তরের এ চাকুরিতে নিয়োগের জন্য অনুপযুক্ত বলে বিবেচিত হবেন।
- ৮। চাকুরিতে যোগদানকালে নিম্নলিখিত কাগজপত্র অবশ্যই জমা দিতে হবেঃ
  - ক) শিক্ষাগত যোগ্যতা, নাগরিকত্ব এবং কোটা সংক্রান্ত সনদপত্রের মূল কপি।
  - খ) সিভিল সার্জন এর নিকট হতে মেডিক্যাল সার্টিফিকেট।
  - গ) প্রথম শ্রেণির গেজেটেড অফিসারের নিকট হতে চারিত্রিক সনদ।
  - ঘ) তিন কপি সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
  - ঙ) নিজের বা পরিবারের সদস্যদের জন্য যৌতুক দেবেন না এবং নেবেন না মর্মে ঘোষণাপত্র।
- ৯। চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১০। উপরে বর্ণিত শর্তাদিতে উল্লেখ করা হয়নি কিন্তু সরকারি আদেশ বিদ্যমান আছে এমন সকল শর্তাদি প্রযোজ্য হবে।
- ১১। নিয়োগপ্রাপ্তগণের যোগাযোগের ঠিকানায় ডাকযোগে নিয়োগপত্র প্রেরণ করা হচ্ছে। প্রেরিত নিয়োগপত্রের মূলকপি যোগদানের সময় প্রদর্শন করতে হবে।
- ১২। নিয়োগপত্রে শর্তানুযায়ী নির্ধারিত তারিখের মধ্যে যোগদান করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে চাকুরিতে যোগদান করতে ব্যর্থ হলে নিয়োগ বাতিল বলে গণ্য হবে।



(আ.ন. আহম্মদ আলী)

(যুগ্মসচিব)

পরিচালক (প্রশাসন ও অর্থ)

ফোনঃ ৯৫৫০৮৬৩।

বিতরণঃ

- ১। সহকারী পরিচালক (আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।  
(তাকে নিয়োগ ফলাফল যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ২। নোটিশ বোর্ড, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।